

## তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তার জন্য পিতামাতা অধিকার বিল

স্টেট এবং ফেডারেল – উভয় আইন আপনার সন্তানকে শনাক্ত করা যায় এমন তথ্যের গোপনীয়তা সংরক্ষণ করে। এসব তথ্য যা শিক্ষার্থী-নির্দিষ্ট সেগুলিকে বলা হয় “ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য”। নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা আইনের অধীনে, আপনি যদি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ডিস্ট্রিক্টে (এনওয়াইসি ডিওই) অধ্যয়নরত কোন শিক্ষার্থীর পিতামাতা হন, আপনার সন্তানকে ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন তথ্য উপাত্তের গোপনীয়তা এবং নিরাপত্তার জন্য নিচে উল্লিখিত অধিকারসমূহ আপনার রয়েছে।

- (1) আপনার সন্তানকে ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন কোন তথ্য বাণিজ্যিক উদ্দেশ্যে বিক্রি অথবা প্রকাশ করা যাবে না।
- (2) আপনার সন্তানের বয়স যদি ১৮ বছরের নিচে হয়, সেক্ষেত্রে তার শিক্ষা রেকর্ডের পুরো বিষয়গুলি পরিদর্শন এবং পর্যালোচনার অধিকার আপনার রয়েছে।
- (3) সংরক্ষণ অথবা বদলি করার সময় আপনার সন্তানকে ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন তথ্য অবশ্যই সুরক্ষিত থাকবে। এই সুরক্ষা অবশ্যই সেইসব মান এবং শ্রেষ্ঠ অনুশীলন অনুযায়ী হবে যেটা করা সম্ভব। এইসব সুরক্ষার উদাহরণের অন্তর্ভুক্ত এনক্রিপশন, ফায়ারওয়াল এবং পাসওয়ার্ডযুক্ত সুরক্ষা।
- (4) শিক্ষার্থী উপাত্তের সম্ভাব্য লংঘন হলে আপনার অভিযোগ দায়েরের এবং এসব অভিযোগের কারণে ব্যবস্থাগ্রহণের অধিকার রয়েছে।

এসইডি-তে অভিযোগ দায়ের লিখিতভাবে 89 Washington Avenue, Albany NY 12234, ঠিকানায় নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের চিফ প্রাইভেসি অফিসারের কাছে অথবা ইমেইলে [CPO@mail.nysed.gov](mailto:CPO@mail.nysed.gov) ঠিকানায় করতে হবে।

এনওয়াইসি ডিওই-র কাছে অভিযোগ ইমেইলের মাধ্যমে [data-security@schools.nyc.gov](mailto:data-security@schools.nyc.gov) ঠিকানায়, অথবা লিখিতভাবে 335 Adams Street, Brooklyn NY 11201 ঠিকানায় অফিস অব দ্যা চিফ ইনফরমেশন অফিসার, ডিভিশন অব ইনস্ট্রাকশনাল অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের কাছে করতে হবে।

- (5) ফেডারেল আইন অনুযায়ী পিতামাতা হিসেবে আপনার বাড়তি অধিকারও রয়েছে যার মধ্যে আছে বাড়তি গোপনীয়তার অধিকার। এনওয়াইসি ডিওই-র পিতামাতা অধিকারের বিল এবং দায়িত্বসমূহ নিচে প্রদত্ত ওয়েবসাইটে পাওয়া যাবে:

<http://schools.nyc.gov/RulesPolicies/ParentBillOfRights/default.htm>

- (6) আপনি সকল ধরনের শিক্ষার্থী উপাত্ত যা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (এসইডি) সংগ্রহ করে সেগুলির একটি পূর্ণ তালিকা এই ওয়েব-লিংকে পেতে পারেন:

<http://www.p12.nysed.gov/irs/sirs/documentation/NYSEDstudentData.xlsx>

আপনি এই তালিকার একটি কপিও 89 Washington Avenue, Albany, NY 12234. ঠিকানায় অফিস অব ইনফরমেশন অ্যান্ড রিপোর্টিং সার্ভিসেস, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট, রুম ৮৬৩ ইবিএ-তে চিঠি লিখে পেতে পারেন।